## মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের এপিএ টিমের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ আব্দুল কাইয়ূম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম লিডার |
| সভার তারিখ | : ০৪ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি: |
| সময় | : দুপুর ১২.৩০ টা |
| সভার স্থান | : মন্ত্রণালয়ের সভা কক্ষ |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-'ক'

সভাপতি সরাসরি ও ভার্চুয়্যালী যুক্ত এপিএ টিমের সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, বর্তমান সচিব মহোদয় এ মন্ত্রণালয়ে যোগদানের পর মন্ত্রণালয়ের এপিএ'র বিষয়ে বিস্তারিত জানতে চান এবং সকল মন্ত্রণালয়/বিভাগের মধ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অবস্থান প্রথম থেকে তৃতীয় নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেছেন। সভাপতি এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনে দপ্তর/সংস্থাসহ মন্ত্রণালয়ের সকলকে সর্বোচ্চ গুরুত্ব প্রদানের জন্য অনুরোধ জানান। আলোচ্যসূচি মোতাবেক বিস্তারিত উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করেন। উপসচিব (প্রশাসন-১) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রথমে মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা কর্তৃক এপিএএমএস সফটওয়্যারে দাখিলকৃত (মেরিন ফিশারিজ একাডেমি ব্যতিত) ১ম ষান্মাসিক অগ্রগতির ফিডব্যাক উপস্থাপন করেন। ফিডব্যাক প্রতিবেদনের আলোকে প্রয়োজনীয় ব্যাখ্যা/জবাব প্রদানের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন। অত:পর মন্ত্রণালয়ের এপিএ'র প্রতিটি সূচকের অগ্রগতি সভায় উপস্থাপন করেন এবং যে সকল সূচকের অর্জন শূন্য বা সবচেয়ে কম সে সকল সূচকের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে ব্যাখ্যা প্রদানের অনুরোধ করেন। প্রদর্শনী খামার স্থাপন ও পরিদর্শন, বিল নার্সারি স্থাপন ও পরিদর্শন, উন্নয়ন প্রকল্প পরিদর্শন ও সিদ্ধান্ত/সুপারিশ বাস্তবায়ন, সরকারি হাঁস-মুরগির খামার পরিদর্শন ও সিদ্ধান্ত/সুপারিশ বাস্তবায়ন, প্র্যাকটিস কেন্দ্র পরিদর্শন ও সিদ্ধান্ত/সুপারিশ বাস্তবায়ন, খাদ্য আমদানি, মূল্য নির্ধারণ বিষয়ে সভা আহবান ও সভার সিদ্ধান্ত/সুপারিশ বাস্তবায়ন, রেণু উৎপাদন, প্রশিক্ষণ, স্মার্ট রিপোর্টিং চালু প্রভৃতি সূচক নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রদর্শনী খামার, সরকারি হাঁস-মুরগির খামার, কৃত্রিম প্রজনন কার্যক্রম তদারকি, অবতরণ কেন্দ্র পরিদর্শন কাজ মার্চ ২০২৪ মাসের মধ্যে এবং বিল নার্সারি স্থাপন ও পরিদর্শন মে ২০২৪ মাসের মধ্যে আবশ্যিকভাবে সম্পন্ন করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এপিএ'র লক্ষ্যমাত্রা ও অর্জন সংক্রান্ত আলোচনার Next Generation APA এর বিষয়টি সভায় উপস্থাপন করেন। প্রতিটি বিষয়ে দপ্তর/সংস্থার টিম লিডার ও ফোকাল পয়েন্ট এবং মন্ত্রণালয়ের এপিএ টিমের সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) আগামী ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে ১ম অর্ধবার্ষিক মূল্যায়নের প্রেক্ষিতে দপ্তর/সংস্থা ব্যাখ্যা/জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

খ) প্রদর্শনী খামার, সরকারি হাঁস-মুরগির খামার, কৃত্রিম প্রজনন কার্যক্রম তদারকি, অবতরণ কেন্দ্র পরিদর্শন সূচকের লক্ষ্যমাত্রা মার্চ ২০২৪ মাসের মধ্যে এবং বিল নার্সারি স্থাপন ও পরিদর্শন সূচকের লক্ষ্যমাত্রা মে ২০২৪ মাসের মধ্যে আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে। এজন্য সময় নির্ধারণপূর্বক সংশ্লিষ্ট কর্মকর্তাদের পত্র দিতে হবে;

গ) দপ্তর/সংস্থার যে সকল সূচক মন্ত্রণালয়ের এপিএ'তে অন্তর্ভুক্ত আছে, সে সকল সূচক আবশ্যিকভাবে শতভাগ অর্জনের নিমিত্ত দপ্তর/সংস্থায় পত্র প্রেরণ করতে হবে;

ঘ) বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট এবং বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট প্রযুক্তি উদ্ভাবন ও উদ্ভাবিত প্রযুক্তি হস্তান্তর সূচকের বিষয়ে লিখিতভাবে মন্ত্রণালয়কে অবহিত করবে;

ঙ) দপ্তর/সংস্থা প্রধানগণকে তাঁদের স্ব স্ব এপিএ শতভাগ বাস্তবায়নে আন্তরিক ও তৎপর হওয়ার জন্য পত্র দিতে হবে; এবং

ঘ) পরিদর্শন শেষে দ্রুত প্রতিবেদন জমা প্রদান নিশ্চিত করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সময়াবদ্ধ পরিকল্পনার মাধ্যমে এপিএ'র সকল কার্যক্রম বাস্তবায়নে সকলকে আরো আন্তরিক ও দায়িত্বশীল হওয়ার আহবান জানিয়ে এবং উপস্থিত সকলকে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

08/02/2024

(মোঃ আব্দুল কাইয়ূম)
অতিরিক্ত সচিব
ও
এপিএ টিম লিডার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়